আমরা করবো জয় একদিন

ভর্তি তথ্য সহায়িকা-২০২৭

স্থাপিত : ২০০৬

প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

প্রতিষ্ঠাতা : ডাঃ ফারুক ও কৃষিবিদ ঝান্ডা

EIIN : 1 3 0 8 2 7 SCHOOL CODE : 1 9 6 8

মাইজবাড়ি, সদর, ময়মনসিংহ

২০২৭ শিক্ষাবর্ষে প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ-এ ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি চলছে...











ক্লাসের সময় : সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ

প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

মাইজবাড়ি, সদর, ময়মনসিংহ

(মাইজবাড়ি টেকনিক্যাল এন্ড বি.এম. কলেজের বিপরীতে, ময়মনসিংহ-মুক্তাগাছা মহাসড়কের পার্শ্বে)

যোগাযোগের সময় : সকাল ৯টা থেকে বিকাল ৪টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)

০১৭৩৯-২৩২৪৯৩ (প্রধান শিক্ষক), ০১৩০৯-১৩০৮২৭ (সহকারী প্রধান শিক্ষক)

মোবাইল : ০১৭৯০-৭৪২০৭০ (অফিস)

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির সময় প্রদেয় ফি (ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি)

ভর্তি ফি	৫০০/- (পাঁচশত টাকা)
সেশন ফি	১,০০০/- (এক হাজার টাকা)
উন্নয়ন ফি	১,০০০/- (এক হাজার টাকা)
আইসিটি ফি	৫০০/- (পাঁচশত টাকা)
জানুয়ারি মাসের বেতন	৫০০/- (পাঁচশত টাকা)
মোট	৩,৫০০/- (তিন হাজার পাঁচশত টাকা)

২০২৭ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণিতে ভর্তির জন্য আসন সংখ্যা

শ্রেণি	শিক্ষার্থী	আসন সংখ্যা
ষষ্ঠ	ছাত্র ও ছাত্রী	৫৫
সপ্তম	ছাত্র ও ছাত্রী	২০
অষ্টম	ছাত্র ও ছাত্রী	২০
নবম	ছাত্র ও ছাত্রী	২০

স্কুলের বৈশিষ্ট্য...

- সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে পরিচালিত। শিক্ষার্থীদের প্রদেয় অর্থ থেকে সকল ব্যয়ভার বহন করা হয়।
- পুরাতন শিক্ষার্থীদের কোন ভর্তি ফি/পুনঃ ভর্তি ফি নেওয়া হয় না।
- সাপ্তাহিক, মাসিক পরীক্ষার ফি নেওয়া হয় না। সাময়িক (অর্ধ-বার্ষিক, প্রাক্-নির্বাচনি, নির্বাচনি, বার্ষিক) পরীক্ষার ফি নেওয়া হয়।
- নবম-দশম শ্রেণিতে শুধুমাত্র বিজ্ঞান ও মানবিক শাখায় পাঠদান করা হয়।
- পাঠদানে মাল্টিমিডিয়া ব্যবহার করা হয়। শ্রেণি কক্ষসহ সম্পূর্ণ ক্যাম্পাস সি. সি. ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করা হয়। ডিজিটাল পদ্ধতিতে ছাত্র/ছাত্রী ও শিক্ষক কর্মচারীদের উপস্থিতি গ্রহণ।
- শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শিল্প-সাহিত্য ও অন্যান্য সহপাঠক্রমিক কার্যক্রমে বিশেষ গুরুত্বারোপ করা হয়।
- নিয়মিত অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।
- নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা ক্লাস ও পরীক্ষা গ্রহণ।
- বিশেষ সাফল্যের জন্য কৃতি শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়।
- কোন ধরণের ফি ছাড়া জুনিয়র বৃত্তি ও এস.এস.সি পরীক্ষার্থীদের মডেল টেস্ট গ্রহণ করা হয়।
- বিদ্যালয়ে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রীকে বিদ্যালয়ের পক্ষ থেকে বিনামূল্যে ডায়েরি ও স্কুল ব্যাজ সরবরাহ করা হবে।

ছাত্র/ছাত্রীদের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী

- প্রতিদিন স্কুলের নির্ধারিত সময়ের ১৫ মিনিট পূর্বে স্কুলে আসতে হবে। ক্লাস শুরু হওয়ার পর কোন শিক্ষার্থীকে ক্লাসে প্রবেশ করতে অথবা বের হতে দেওয়া হবে না।
- শিক্ষার্থীদের আইডি কার্ড পাঞ্চ করে বিদ্যালয়ে প্রবেশ করতে হবে।
- বিদ্যালয়ে মোবাইল আনা সম্পূর্ণ নিষেধ। বিশেষ প্রয়োজনে বিদ্যালয় কর্তৃপক্ষের মোবাইল ব্যবহার করা যাবে।
- পরিষ্কার পরিচ্ছন্ন স্কুল ড্রেস পরে স্কুলে আসতে হবে এবং আইডি কার্ড সাথে আনতে হবে।
- নখ বড় রাখা যাবে না এবং চুলের কাটিং রুচিশীল ও গ্রহণযোগ্য হতে হবে এবং চুল কালার করা যাবে না।
- স্কুলে উপস্থিতির হার কমপক্ষে ৭৫% হতে হবে। প্রতিদিনের প্রয়োজনীয় পাঠ্যবই, খাতা এবং নোটবুক সঙ্গে রাখতে হবে। সাপ্তাহিক ছুটি মাউশির নির্দেশনা অনুযায়ী।
- নিজস্ব টিফিন ও ওয়াটার পট নিয়ে স্কুলে আসতে হবে। স্কুল চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রী বাহির থেকে কোন টিফিন ক্রয় করতে পারবে না এবং অভিভাবকবৃন্দ স্কুল চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদেরকে টিফিন প্রদান করতে পারবে না।
- স্কুল চলাকালীন কোন ছাত্র-ছাত্রীর ছুটির প্রয়োজন হলে কর্তৃপক্ষ বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে। কোন অবস্থাতেই শিক্ষার্থী একা যেতে পারবে না, অভিভাবক অথবা অভিভাবক প্রদত্ত লিখিত আবেদনসহ কোন প্রতিনিধি এসে নিয়ে যাবেন। উল্লেখ্য যে, প্রতি তিন দিন এরূপ আংশিক ছুটি এক দিন অনুপস্থিত বলে বিবেচিত হবে।
- নিয়মিত পড়া শিখে এবং বাড়ির কাজ করে স্কুলে আসতে হবে। শিক্ষা উপকরণ ছাড়া অন্য কোন প্রকার সামগ্রী যেমন: মোবাইল ফোন, এমপি-থ্রি, পেনড্রাইভ, গল্পের বই, সোনার গহনা, ব্রেসলেট, আংটি, নেকলেস ইত্যাদি স্কুলে নিয়ে আসা সম্পূর্ণ নিষেধ। নিষিদ্ধ সামগ্রী স্কুলে নিয়ে আসলে তা বাজেয়াপ্ত করা হবে এবং বহনকারী ছাত্র-ছাত্রীকে শাস্তির সম্মুখীন হতে হবে।
- বিদ্যালয় কর্তৃক নির্ধারিত সকল পরীক্ষায় অংশগ্রহণ ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক। যে কোন কারণেই হোক না কেন পরীক্ষায় কোন বিষয়ে অংশগ্রহণ না করলে সেই বিষয়ে প্রাপ্ত স্কোর ০০ (শূণ্য) ধরা হবে।
- পরীক্ষা চলাকালীন বিদ্যালয়ে স্কুল ব্যাগ আনা যাবে না। সাদা স্বচ্ছ ফাইল ব্যবহার করতে পারবে।

ভর্তি বিষয়ক প্রয়োজনীয় তথ্যাবলী

- ভর্তির জন্য ছাত্র/ছাত্রীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (যেখানে বাংলা ও ইংরেজি একত্রে) এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র (এনআইডি/স্মার্টকার্ড) এর ফটোকপি জমা দিতে হবে। মূলকপি সাথে আনতে হবে।
- ভর্তির সময় একজন ছাত্র/ছাত্রীকে ভর্তির ফি, সেশন ফি, উন্নয়ন ফি, আইসিটি ফি, অন্যান্য আনুষঙ্গিক ফি ও জানুয়ারি মাসের বেতন একত্রে পরিশোধ করতে হবে।
- ষষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয়ের নম্বরপত্র ও ষষ্ঠ শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার সনদপত্রের ফটোকপি জমা দিতে হবে। সপ্তম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয়ের টিসি-এর মূলকপি, ষষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড (প্রাপ্তি সাপেক্ষে) ফটোকপি, ষষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশনের Final Student List এর মূলকপি (পূর্ববর্তী বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সীল ও স্বাক্ষরসহ) জমা দিতে হবে।
- অষ্টম ও নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয়ের টিসি-এর মূলকপি, ষষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

স্কুলের পোশাক

মেয়ে : জলপাই রংয়ের থ্রি-কোয়ার্টার শার্ট কলার কামিজ (সোল্ডার ফ্ল্যাপসহ), সাদা সালোয়ার, জলপাই রংয়ের বেল্ট, সাদা স্কার্ফ, সাদা ওড়না, সাদা কেডস/কালো সু, সাদা মোজা, শীতকালে নেভী ব্লু সোয়েটার।

ছেলে : সাদা ফুল শার্ট (দুইটি বুক পকেট ও সোল্ডার ফ্ল্যাপসহ), বটল গ্রীণ ফুল প্যান্ট, সাদা কেডস/কালো সু, সাদা মোজা, শীতকালে নেভী ব্লু সোয়েটার।

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাবলী

ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি

ভর্তির আবেদন ফরম বিতরণ শুরু	:	২২ নভেম্বর, ২০২৬ থেকে
ভর্তির আবেদন ফরম প্রদানের সময়	:	সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)
ভর্তির আবেদন ফরম প্রাপ্তিস্থান	:	বিদ্যালয়ের অফিস কক্ষ
ভর্তির আবেদন ফরমের মূল্য	:	২০০/- (দুইশত টাকা)
ফরম জমা নেয়া ও প্রবেশপত্র প্রদান	:	০১ ডিসেম্বর, ২০২৬ থেকে

ভর্তি প্রক্রিয়া

ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি : ভর্তি পরীক্ষা ও সাক্ষাতকারের মাধ্যমে

পরীক্ষার বিষয় ও মানবন্টন

ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি :
বাংলা-৩০, ইংরেজি-৩০, গণিত-৪০, মোট ঃ ১০০, সময় : ২ ঘন্টা

সহপাঠ্যক্রমিক কার্যক্রম ও বিভিন্ন অনুষ্ঠান

বার্ষিক মিলাদ মাহফিল, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণী অনুষ্ঠান, অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, হাতের লেখা প্রতিযোগিতা, দেয়ালিকা লিখন, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন, বিজ্ঞান অলিম্পিয়াড ক্লাব, গণিত অলিম্পিয়াড ক্লাব, উপস্থিত বক্তব্য প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ও বিভিন্ন অনুষ্ঠান উপস্থাপনা প্রতিযোগিতা।

মুক্তিযোদ্ধা কোটায় কেউ ভর্তি হতে চাইলে আবেদন ফরম জমা দেওয়ার সময় মুক্তিযোদ্ধা প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

যোগাযোগ

প্রগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

মাইজবাড়ি, সদর, ময়মনসিংহ

(মাইজবাড়ি টেকনিক্যাল এন্ড বি.এম. কলেজের বিপরীতে, ময়মনসিংহ-মুক্তাগাছা মহাসড়কের পার্শ্বে)

যোগাযোগের সময় : সকাল ৯টা থেকে বিকাল ৩টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)

মোবাইল : ০১৭৯০-৭৪২০৭০ (অফিস), ০১৭৩৯-২৩২৪৯৩ (প্রধান শিক্ষক)

E-mail : progressivemodelschool@yahoo.com

website : www.pmsmym.edu.bd

মুদ্রণ : লিমা প্রিন্টিং প্রেস, ময়মনসিংহ। ০১৮১৮-৪০১১০৯